গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
জরুরি সাড়াদান কেন্দ্র (ইওসি)
দুর্যোগ ব্যবস্থাপনা ভবন
৯২-৯৩, মহাখালী বা/এ, ঢাকা-১২১২
www.ddm.gov.bd

**স্মারক নম্বর:** ৫১.০১.০০০০.০০০.০২৭.১৫.০০০১.২৬.২১৩

তারিখ: ২৭ শ্রাবণ ১৪৩৩
১১ আগস্ট ২০২৬

বিষয়: **দুর্যোগ সংক্রান্ত দৈনিক প্রতিবেদন।**

১। **আবহাওয়ার সতর্কবার্তা:**
সমুদ্রবন্দর সমূহের জন্য কোন সতর্কবার্তা নেই এবং কোন সংকেত দেখাতে হবে না।

২। **আজ ১১.০৮.২০২৬ খ্রিঃ সকাল ০৯:০০ টা থেকে সন্ধ্যা ০৬:০০ টা পর্যন্ত দেশের অভ্যন্তরীণ নদীবন্দর সমূহের জন্য আবহাওয়ার পূর্বাভাস:**
দেশের অভ্যন্তরীণ নদীবন্দর সমূহের জন্য কোনো সতর্কবাণী নেই এবং কোনো সংকেত দেখাতেও হবে না।

৩। **আজ ১১.০৮.২০২৬ তারিখ সকাল ০৯ টা থেকে পরবর্তী ১২০ ঘন্টার আবহাওয়ার পূর্বাভাস:**
**সিনপটিক অবস্থা:** উত্তরপশ্চিম বঙ্গোপসাগর ও তৎসংলগ্ন এলাকায় পরবর্তী ২৪ ঘন্টার মধ্যে একটি লঘুচাপ সৃষ্টি হতে পারে। মৌসুমি বায়ুর অক্ষের বর্ধিতাংশ রাজস্থান, মধ্যপ্রদেশ, উত্তরপ্রদেশ, বিহার, গাঙ্গেয় পশ্চিমবঙ্গ ও বাংলাদেশের দক্ষিণাঞ্চল হয়ে আসাম পর্যন্ত বিস্তৃত রয়েছে। এর একটি বর্ধিতাংশ উত্তর বঙ্গোপসাগর পর্যন্ত বিস্তৃত রয়েছে। মৌসুমি বায়ু বাংলাদেশের উপর মোটামুটি সক্রিয় এবং উত্তর বঙ্গোপসাগরে মাঝারী অবস্থায় রয়েছে।

**পূর্বাভাস:**

**প্রথম দিন (১১.০৮.২০২৬ তারিখ সকাল ০৯ টা থেকে):**
**বৃষ্টিপাত:** ময়মনসিংহ, খুলনা, বরিশাল, চট্টগ্রাম ও সিলেট বিভাগের অনেক জায়গায় এবং রংপুর, রাজশাহী ও ঢাকা বিভাগের দু'এক জায়গায় অস্থায়ীভাবে দমকা হাওয়াসহ হালকা থেকে মাঝারী ধরনের বৃষ্টি/বজ্রসহ বৃষ্টি হতে পারে। সেই সাথে দেশের কোথাও কোথাও মাঝারী ধরনের ভারী বর্ষণ হতে পারে।
**তাপমাত্রা:** সারাদেশে দিন এবং রাতের তাপমাত্রা প্রায় অপরিবর্তিত থাকতে পারে।

**দ্বিতীয় দিন (১২.০৮.২০২৬ তারিখ সকাল ০৯ টা থেকে):**
**বৃষ্টিপাত:** খুলনা, বরিশাল, চট্টগ্রাম ও সিলেট বিভাগের অনেক জায়গায় এবং রংপুর, রাজশাহী, ঢাকা ও ময়মনসিংহ বিভাগের কিছু কিছু জায়গায় অস্থায়ীভাবে দমকা হাওয়াসহ হালকা থেকে মাঝারী ধরনের বৃষ্টি/বজ্রসহ বৃষ্টি হতে পারে। সেই সাথে দেশের কোথাও কোথাও মাঝারী ধরনের ভারী থেকে ভারী বর্ষণ হতে পারে।
**তাপমাত্রা:** সারাদেশে দিন এবং রাতের তাপমাত্রা প্রায় অপরিবর্তিত থাকতে পারে।

**তৃতীয় দিন (১৩.০৮.২০২৬ তারিখ সকাল ০৯ টা থেকে):**
**বৃষ্টিপাত:** রাজশাহী, খুলনা, বরিশাল, চট্টগ্রাম ও সিলেট বিভাগের অনেক জায়গায় এবং রংপুর, ঢাকা ও ময়মনসিংহ বিভাগের কিছু কিছু জায়গায় অস্থায়ীভাবে দমকা হাওয়াসহ হালকা থেকে মাঝারী ধরনের বৃষ্টি/বজ্রসহ বৃষ্টি হতে পারে। সেই সাথে দেশের কোথাও কোথাও মাঝারী ধরনের ভারী থেকে ভারী বর্ষণ হতে পারে।
**তাপমাত্রা:** সারাদেশে দিনের তাপমাত্রা সামান্য কমতে পারে এবং রাতের তাপমাত্রা প্রায় অপরিবর্তিত থাকতে পারে।

**চতুর্থ দিন (১৪.০৮.২০২৬ তারিখ সকাল ০৯ টা থেকে):**
**বৃষ্টিপাত:** খুলনা, বরিশাল চট্টগ্রাম ও সিলেট বিভাগের অনেক জায়গায় এবং রংপুর, রাজশাহী, ঢাকা ও ময়মনসিংহ বিভাগের কিছু কিছু জায়গায় অস্থায়ীভাবে দমকা হাওয়াসহ হালকা থেকে মাঝারী ধরনের বৃষ্টি/বজ্রসহ বৃষ্টি হতে পারে। সেই সাথে দেশের কোথাও কোথাও মাঝারী ধরনের ভারী থেকে ভারী বর্ষণ হতে পারে।
**তাপমাত্রা:** সারাদেশে দিনের তাপমাত্রা প্রায় অপরিবর্তিত থাকতে পারে এবং রাতের তাপমাত্রা সামান্য কমতে পারে।

**পঞ্চম দিন (১৫.০৮.২০২৬ তারিখ সকাল ০৯ টা থেকে):**
**বৃষ্টিপাত:** খুলনা, বরিশাল, চট্টগ্রাম ও সিলেট বিভাগের অনেক জায়গায় এবং রাজশাহী, রংপুর, ঢাকা ও ময়মনসিংহ বিভাগের কিছু কিছু জায়গায় অস্থায়ীভাবে দমকা হাওয়াসহ হালকা থেকে মাঝারী ধরনের বৃষ্টি/বজ্রসহ বৃষ্টি হতে পারে। সেই সাথে দেশের কোথাও কোথাও মাঝারী ধরনের ভারী থেকে ভারী বর্ষণ হতে পারে।
**তাপমাত্রা:** সারাদেশে দিন এবং রাতের তাপমাত্রা প্রায় অপরিবর্তিত থাকতে পারে।

**বর্ধিত ৫ (পাঁচ) দিনের আবহাওয়ার অবস্থা:** বৃষ্টি/বজ্রসহ বৃষ্টির প্রবণতা বাড়তে পারে।
**গতকালের সর্বোচ্চ ও আজকের সর্বনিম্ন তাপমাত্রা (ডিগ্রী সেলসিয়াস):**

| বিভাগের **নাম** | ঢাকা | রাজশাহী | রংপুর | ময়মনসিংহ | সিলেট | চট্টগ্রাম | খুলনা | বরিশাল |
|---|---|---|---|---|---|---|---|---|

| সর্বোচ্চ তাপমাত্রা | ৩৫.৫ ঢাকা ও নারায়ণগঞ্জ | ৩৫.২ বগুড়া | **৩৬.০ সৈয়দপুর** | **৩৬.০ ময়মনসিংহ** | ৩৫.৪ সিলেট | **৩৬.০ চাঁদপুর** | ৩৫.২ যশোর ও সাতক্ষীরা | ৩৪.০ বরিশাল |
|---|---|---|---|---|---|---|---|---|
| সর্বনিম্ন তাপমাত্রা | ২৪.০ ঢাকা ও নারায়ণগঞ্জ | ২৫.০ রাজশাহী | ২৭.০ তেঁতুলিয়া | ২৪.০ নেত্রকোনা | **২৩.২ সিলেট** | ২৩.৩ বান্দরবান | ২৪.৬ খুলনা | ২৬.৪ বরিশাল |

গতকাল দেশের সর্বোচ্চ তাপমাত্রা ছিল **সৈয়দপুর, ময়মনসিংহ ও চাঁদপুর** ৩৬.০$^{o}$ এবং আজকের সর্বনিম্ন তাপমাত্রা **সিলেট ২৩.২**$^{o}$ ।

(তথ্য সূত্র: বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তর, ঢাকা)।

**বজ্রবৃষ্টি ও বজ্রপাতের সময় করণীয়:**

- বজ্রপাত হলে ঘরের মধ্যে থাকুন;
- জানালা ও দরজা বন্ধ রাখুন;
- সম্ভব হলে যাত্রা এড়িয়ে চলুন;
- নিরাপদ আশ্রয়ে আশ্রয় নিন;
- গাছের নিচে আশ্রয় নেবেন না;
- কংক্রিটের মেঝেতে শয়ন করবেন না এবং কংক্রিটের দেয়ালে হেলান দেবেন না;
- বৈদ্যুতিক ও ইলেক্ট্রনিক ডিভাইসগুলির প্লাগ খুলে দিন;
- জলাশয় থেকে তাৎক্ষণিকভাবে উঠে আসুন;
- বিদ্যুৎ পরিবাহক বস্তু থেকে দূরে থাকুন;
- শিলা বৃষ্টির সময় ঘরে অবস্থান করুন।

**৪। বৃষ্টিপাত ও নদ-নদীর পরিস্থিতি এবং পূর্বাভাস:**
**(২৭ শ্রাবণ, ১৪৩৩ বঙ্গাব্দ/১১ আগস্ট, ২০২৬ খ্রি.)**

**এক নজরে বৃষ্টিপাত ও নদ-নদীর পরিস্থিতি এবং পূর্বাভাস:**

***বিপদসীমার উপরে নদ-নদীর তথ্য:***

- পর্যবেক্ষণাধীন স্টেশনসমূহের মধ্যে ০১টি নদী ০১টি জেলার ০১টি স্টেশনে: কুশিয়ারা নদী ফেঞ্চুগঞ্জ (সিলেট) স্টেশনে বিপদসীমার উপর দিয়ে প্রবাহিত হচ্ছে।

***নদ-নদীর পরিস্থিতি এবং পূর্বাভাস:***

- গত ২৪ ঘন্টায় উত্তরাঞ্চলীয় রংপুর বিভাগের তিস্তা নদীর পানি সমতল স্থিতিশীল রয়েছে, অপরদিকে ধরলা ও দুধকুমার নদীসমূহের পানি সমতল হ্রাস পেয়েছে; যা আগামী ০১ দিন স্থিতিশীল থাকতে পারে এবং পরবর্তী ০২ দিন হ্রাস পেতে পারে।
- গত ২৪ ঘণ্টায় উত্তর-পূর্বাঞ্চলের সুরমা-কুশিয়ারা নদীসমূহের পানি সমতল স্থিতিশীল রয়েছে, যা আগামী ০৩ দিন হ্রাস পেতে পারে।
- গত ২৪ ঘণ্টায় ব্রহ্মপুত্র-যমুনা নদ-নদীর পানি সমতল হ্রাস পেয়েছে, যা০৫ দিন হ্রাস পেতে পারে। অপরদিকে **গঙ্গা-পদ্মা** নদীসমূহের পানি সমতল সমতল স্থিতিশীল রয়েছে, যা আগামী ০৫ দিন বৃদ্ধি পেতে পারে; তবে বিপদসীমার নিচ দিয়ে প্রবাহিত হতে পারে।
- ঞ্চলীয় ও দক্ষিণ-পূর্বাঞ্চলীয় চট্টগ্রাম বিভাগের **গোমতী, মুহুরী, সেলোনিয়া ও ফেনী** নদীসমূহের পানি সমতল বৃদ্ধি পেয়েছে; যা **আগামী ০১ দিন বৃদ্ধি** পেতে পারে এবং ২য় দিন স্থিতিশীল ও ৩য় দিন হ্রাস পেতে পারে। অপরদিকে**হালদা** নদীর পানি সমতল **বৃদ্ধি** পেয়েছে, অপরদিকে সাঙ্গু ও মাতামুহুরী নদীসমূহের পানি সমতল স্থিতিশীল আছে; যা আগামী ০১ দিন হ্রাস পেতে পারে এবং ২য় দিন স্থিতিশীল ও ৩য় দিন**বৃদ্ধি** পেতে পারে।

**পানি সমতল ও বারিপাত তথ্য**

**(২৭ শ্রাবণ, ১৪৩৩ বঙ্গাব্দ /১১ আগস্ট, ২০২৬ খ্রিঃ সকাল ৯.০০ টার তথ্য অনুযায়ী)**
**বিপদসীমার উপর দিয়ে প্রবাহিত স্টেশন: ০১ টি; নদীঃ ০১ টি; জেলাঃ ০১ টি।**

| মৌসুমী বিপদসীমার উপর দিয়ে প্রবাহিত নদীর নাম | মৌসুমী বিপদসীমার উপর দিয়ে প্রবাহিত পানি সমতল স্টেশনের নাম | মৌসুমী বিপদসীমার উপর দিয়ে প্রবাহিত পানি সমতল জেলার নাম | মৌসুমী বিপদসীমা (মিটার) | আজকের পানি সমতল (মিটার) | বিগত ২৪ ঘন্টায় বৃদ্ধি(+)/হ্রাস(-) (সে.মি.) | মৌসুমী বিপদসীমার উপরে (সে.মি.) |
|---|---|---|---|---|---|---|
| কুশিয়ারা | ফেঞ্চুগঞ্জ | সিলেট | ৯.৪৫ | ৯.৬৭ | +০৩ | +২২ |

**গত ২৪ ঘন্টায় উল্লেখযোগ্য বারিপাত তথ্য**

বাংলাদেশের অভ্যন্তরে:

| স্টেশন | বারিপাত (মি.মি.) | স্টেশন | বারিপাত (মি.মি.) |
|---|---|---|---|
| ভাগ্যকূল (মুন্সিগঞ্জ) | ৭৮.০ | কুমিল্লা | ৫২.০ |
| হরিদাসপুর (গোপালগঞ্জ) | ৫০.০ | নরসিংদী | ৪০.০ |

**ভারতের উত্তর পূর্বাঞ্চলের সিকিম, অরুণাচল, আসাম, মেঘালয় ও ত্রিপুরা অঞ্চলে:**

| স্টেশন | বারিপাত (মি.মি.) | স্টেশন | বারিপাত (মি.মি.) |
|---|---|---|---|
| তুরা (ডিএলআরএসএল) (মেঘালয়) | ১১৭.০ | বিলোনিয়া (দক্ষিণ ত্রিপুরা) | ৫২.০ |

**নদ-নদীর অবস্থা**

| | | | |
|---|---|---|---|
| পর্যবেক্ষণাধীন পানি সমতল স্টেশন | ১২৭ | গেজ স্টেশন বন্ধ আছে | ০০ |
| বৃদ্ধি | ৫৫ | গেজ পাঠ পাওয়া যায়নি | ০০ |

| | | | |
|---|---|---|---|
| হ্রাস | ৬৯ | মোট তথ্য পাওয়া যায়নি | ০০ |
| অপরিবর্তিত | ০৩ | | |
| **বিপদসীমার উপরে পানি সমতল তথ্য (পর্যবেক্ষণকৃত স্টেশনসমূহের ভিত্তিতে)** | | | |
| বিপদসীমার উপরে স্টেশন সংখ্যা | **০১** টি | বিপদসীমার উপরে প্রবাহিত নদীসমূহ সংলগ্ন জেলার সংখ্যা | ০১ টি |
| বিপদসীমার উপরে নদীর সংখ্যা | ০১ টি | নদীসমূহ সংলগ্ন জেলা | সিলেট |

৫। ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্সের নিয়ন্ত্রণ কক্ষের তথ্য (মোবাইল এসএমএস) থেকে জানা যায়, ০৯ আগষ্ট ২০২৬ খ্রি: তারিখ রাত ১২.০০ টা থেকে ১০ আগষ্ট ২০২৬ খ্রি: তারিখ রাত ১২.০০ টা পর্যন্ত সারাদেশে মোট **০৯টি** অগ্নিকান্ডের ঘটনা ঘটেছে। বিভাগভিত্তিক অগ্নিকান্ডে নিহত ও আহতের সংখ্যা নিম্নরুপ:

| ক্রঃ নং | বিভাগের নাম | অগ্নিকান্ডের সংখ্যা | আহতের সংখ্যা | নিহতের সংখ্যা |
|---|---|---|---|---|
| ১. | ঢাকা | ৩ | ০ | ০ |
| ২. | ময়মনসিংহ | ০ | ০ | ০ |
| ৩. | বরিশাল | ০ | ০ | ০ |
| ৪. | সিলেট | ১ | ০ | ০ |
| ৫. | রাজশাহী | ১ | ০ | ০ |
| ৬. | চট্টগ্রাম | ২ | ০ | ০ |
| ৭. | খুলনা | ২ | ০ | ০ |
| ৮. | রংপুর | ০ | ০ | ০ |
| | **মোট** | **০৯** | **০** | **০** |

১১-০৮-২০২৬
মোঃ জাহিদ হাসান
ভারপ্রাপ্ত কর্মকর্তা
ফোন : ৮৮০-৫৮৮১১৬৫১
ফ্যাক্স : ৮৮০-২-৯৮৯১৯২৬
ইমেইল : controlroom.ddm@gmail.com

ভারপ্রাপ্ত কর্মকর্তা-১
এনডিআরসিসি অনুবিভাগ , দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়।

**স্মারক নম্বর:** ৫১.০১.০০০০.০০০.০২৭.১৫.০০০১.২৬.২১৩/১ (১৭)

তারিখ: ২৭ শ্রাবণ ১৪৩৩ / ১১ আগস্ট ২০২৬

**সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।।
৪। সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫। সচিব, সচিবের দপ্তর, কৃষি মন্ত্রণালয়।
৬। সচিব, সচিবের দপ্তর, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়।
৭। সচিব, সচিব-এর দপ্তর, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ।
৮। সচিব, সচিবের দপ্তর, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়।
৯। মহাপরিচালক, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর।
১০। বিভাগীয় কমিশনার (সকল)।

১১। পরিচালক (সকল), দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর।।
১২। জেলা প্রশাসক (সকল)।
১৩। উপপরিচালক, প্রশাসন-১ অধিশাখা, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর।
১৪। উপপরিচালক, প্রশাসন-২ অধিশাখা, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর।
১৫। জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা (সকল), দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর।
১৬। নির্বাহী প্রকৌশলী (পুর), বন্যা পূর্বাভাস ও সতর্কীকরণ কেন্দ্র, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড।
১৭। প্রোগ্রামার, আইসিটি শাখা, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর।